# ঔষধের ক্রিয়াকাল ও সম্বন্ধ




ডাঃ রাধারমণ বিশ্বাস

# সূচীপত্র


| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| আমার নিবেদন | ............................ | ৭-১২ |
| ঔষধের ক্রিয়াকাল | ............................ | ১৩-২০ |
| অনুকূল ও অনুপূরক সম্বন্ধ | ............................ | ২১-৩০ |
| প্রতিকূল সম্বন্ধ | ............................ | ৩১-৪২ |
| অ্যান্টিডোট | ............................ | ৪৩-৬৪ |
| ঔষধের অপব্যবহারে কর্তব্য | ............................ | ৬৫-৭৪ |
| উপসংহার | ............................ | ৭৫-৮০ |

## ঔষধের ক্রিয়াকাল

এবারে আমি বলব আমাদের হোমিওপ্যাথি ঔষধ কতদিন ধরে একজনের মধ্যে কাজ করতে পারে। হ্যানিম্যানের ক্রনিক ডিজিজ সর্বপ্রথম যখন পড়ি তখন প্রথম জানলুম যে, আমাদের ঔষধের একটি মাত্রা ৬ ঘন্টা হতে ৮ সপ্তাহ, এমন কি, ৩ মাস পর্যন্ত কাজ করতে পারে। নিজের চিকিৎসাক্ষেত্রে ইহার পরীক্ষা চলতে লাগল এবং ইহার সত্যতা আজ একান্ত নিঃসন্দেহরূপে আমার হৃদয়ে আঁকা হয়ে আছে। তাই পুনঃপুন ঔষধ দেবার চাইতে ঔষধ না দেওয়াকেই (no repetition) আমি আমার মূলমন্ত্র করে নিয়েছি এবং আমার শিষ্য-শিষ্যারা আমার কাছ থেকে প্রথমাবধি এই শিক্ষাই লাভ করেছেন। ঔষধ পুনঃপুন দিয়ে আমরা বহু সর্বনাশ করি। এত বেশি করি যে, অনেক ক্ষেত্রে দেখেছি, শুধু খারাপ করি তাই নয়, বহু স্থানে তার মৃত্যুরও হেতু হই। তাই এই জিনিসটি আমাদের ভালো করে জানতে হবে। অবশ্য একথা একান্তই স্বীকার্য যে, ঔষধের ক্রিয়াকাল সর্বত্রই কখনও এক হতে পারে না। ইহা নির্ভর করে রোগের উপর এবং রোগীর উপর। অর্থাৎ তরুণ রোগে ঔষধের ক্রিয়াকাল এবং পুরাতন রোগে ঔষধের ক্রিয়াকাল বিভিন্ন হবেই। ঠিক সেইরূপ, রোগীর ধাতুগত বৈষম্যের জন্যই ক্রিয়াকালেরও পার্থক্য দেখা যাবেই। কিন্তু তা সত্ত্বেও, আমরা জানি যে, হিপার সালফের ক্রিয়া চলে ৮ সপ্তাহ, বা তার চেয়েও বেশি দিন। এটা ভালো করে জানা থাকলে রোগী ও চিকিৎসক উভয়েই উপকৃত হবেন।

এই সম্বন্ধে বহু বিখ্যাত পুস্তক আছে, যথা- Dr. Gibson Miller's Relationship of Remedies, Hahnemann's Chronic Diseases, Boening-hausen's Works,Hering's Condensed Materia Medica, প্রভৃতি। যাদের এই সব অমূল্য পুস্তক পড়বার সুযোগ বা সুবিধা নেই তাদের জন্যই আমি এই বক্তৃতা দিচ্ছি। না জানার জন্য অতীতে আমি যে সব ভুল করেছি, আমার অজ্ঞানতাপ্রসূত ভূলভ্রান্তির জন্য নরনারীর যে সব ক্ষতি হয়েছে, জীবন-সায়াহ্নে এবং পরিপক্ক অভিজ্ঞতার দিনে আজ সে সবের জন্য আমি বড়ই অনুতপ্ত। তাই ইদানীং আমার যত বক্তৃতা সবই আমাদের নবীন শিক্ষার্থীদের প্রতি এই উদ্দেশ্যেই বলা। আপনারা ভুল করবেন না। হোমিওপ্যাথির রাজপথ তৈরি হয়েছে। এই

প্রশস্ত পথে আপনারা সদর্পে ও সজ্ঞানে এগিয়ে চলুন। আকাশে-বাতাসে তুলে ধরুন হোমিওপ্যাথির জয়-পতাকা।

আমি নিম্নে ঔষধের সচরাচর ব্যবহৃত শক্তি এবং তারই ক্রিয়াকাল মোটামুটি জানাব। এই খানে ডাঃ জারের উপদেশটিও আমাদিগকে স্মরণ রাখতে হবে। তিনি বলেছেন, তরুণ পীড়ার প্রচণ্ডতা অনুসারে ঔষধের ক্রিয়াকাল ১৫ মিনিট হতে ৪৮ ঘন্টা পর্যন্ত এবং পুরাতন রোগে মোটামুটি ৫ দিন হতে ৮ দিন পর্যন্ত ধরে নিলেই চলবে। তারপর, যদি আবশ্যক হয় তখনি আমরা যেন ঔষধটির পরিবর্তন করি। নিচে আমি ঔষধ ও তার ক্রিয়াকালের একটা তালিকা দিলুম।

| ঔষধ | ক্রিয়াকাল |
|---|---|
| অরাম মেট ৪x. ৩০ | ৫০-৬০ দিন |
| অসমিয়াম ৬ | স্থির জানা নাই |
| আইবেরিস ৩ | স্থির জানা নাই |
| আইরিস ϕ ৩০ | স্থির জানা নাই |
| আয়োডিয়াম ϕ, ৩, ৩ | ৩০-৪০ দিন |
| আর্জে-নাই ৩, ৩০ | ৩০ দিন |
| আর্জে-মেট ৩, ৬ বিচূর্ণ | ১৪-২১ দিন |
| আর্টিকা-ইউরেনজ ϕ ৬x | স্থির হয় নাই |
| আর্নিকা ϕ ৩, ২০০ | ২-৬ দিন |
| আর্সেনিকাম ৩x ২০০ | ৩৬-৪০ দিন |
| অ্যাকোনাইটাম নেপেলাস ৩x, শক্তি | $\frac{১}{২}$ - ৪৮ ঘন্টা |
| অ্যাকটিয়া র‍্যাসেমোসা ϕ, ৩, ৩০ | ৪৮ ঘন্টা-১২ দিন |
| অ্যাকটিয়া স্পাইকেটা ৩ | ১ ঘন্টা-২১ দিন |
| অ্যাগনাস ক্যাসটাস ১, ৬ | ৮-১৪ দিন |
| অ্যানগাসটিউরা ৩, ৬ | ৩-৪ সপ্তাহ |
| অ্যান্টিম-ক্রুড ৩, ৬ | ৪ সপ্তাহ |
| অ্যান্টিম-টার্ট ২বি, ৩বি, ৩০ | ২ সপ্তাহ |
| অ্যানাকার্ডিয়াম ৩, ৬ | ৩০-৪০ দিন |
| অ্যাবসিন্থিয়াম ১, ৬ | স্থির জানা নাই |

| | |
|---|---|
| অ্যাব্রোটেনাম ৩, ৩০ | " " " |
| অ্যাভেনা স্যাটাইভা ϕ | স্থির জানা নাই |
| অ্যামোন-কার্ব ৩ | ৩৬-৪০ দিন |
| অ্যামোন-মিউর ৩, ৬ | ২০-৩০ দিন |
| অ্যাম্ব্রা গ্রিজিয়া ২, ৩ | ৪০ দিন |
| অ্যালুমেন ১, ৩০ | বহুদিন, নির্দিষ্ট নাই |
| অ্যালুমিনা ৬, ৩০ | ৪০-৬০ দিন |
| অ্যালো ১, ২০০ | ৩০-৪০ দিন |
| অ্যালিয়াম সিপা ১, ৩ | ১ দিন |
| অ্যালিয়াম স্যাটাইভাম ৩, ৬ | স্থির জানা নাই |
| অ্যাসাফেটিডা ২, ৩০ | ২০-৪০ দিন |
| অ্যাসারাম ইউরোপিয়াম ৩, ৬ | ৮-১৪ দিন |
| অ্যাসিড অ্যাসেটিক ৩, ৩০ | ১৪-২০ দিন |
| অ্যাসিড নাইট্রিক ৩x, ৩০ | ৪০-৬০ দিন |
| অ্যাসিড ফস ২x, ৩০ | ৪০ দিন |
| অ্যাসিড ফ্লুয়োরিকা ৬ | ৩০ দিন |
| অ্যাসিড মিউর ২, ৬ | ৩৫ দিন |
| অ্যাসিড সালফ ϕ, ৩০ | ৩০-৬০ দিন |
| ইউপা-পার্পি ϕ, ৩ | ১-৭ দিন |
| ইউফর্বিয়াম ৩, ৬ | ৫০ দিন |
| ইউফ্রেজিয়া ϕ, ৩ | ৭ দিন |
| ইগনেসিয়া ϕ, ২০০ | ২ ঘন্টা-৯ দিন |
| ইথিউসা ৩, ৩০ | ২০-৩০ দিন |
| ইপিক্যাকিউয়্যানা ৩x, ৩০ | ২ ঘন্টা-৪ দিন |
| এগ্যারিকাস ৩, ২০০ | ৪০ দিন |
| এরাম ট্রাই ৩, ৩০ | ১-২ দিন |
| এসকিউলাস ϕ, ৩ | ৩০ দিন |
| ওপিয়াম ৩, ২০০ | ৭ দিন |
| ককিউলাস ৩, ৩০ | ৩০ দিন |
| কফিয়া ৩, ২০০ | ১-৭ দিন |

| | |
|---|---|
| কলচিকাম ϕ, ৩০ | ১৪-২০ দিন |
| কলিনসোনিয়া ϕ, ৩, ২০০ | ৩০ দিন |
| কলোসিন্থ ৩, ৩০ | ১-৭ দিন |
| কষ্টিকাম ৩, ৩০ | ৫০ দিন |
| কার্বো অ্যানি ৩বি, ৩০ | ৪০-৬০ দিন |
| কার্বো ভেজ ১বি, ৩০ | ৪০-৬০ দিন |
| কেলি আয়োড ϕ, ১২ | ২০-৩০ দিন |
| কেলি কার্ব ৩, ২০০ | ৪০-৫০ দিন |
| কেলি ফস ৩বি, ২০০ | স্থির নাই |
| কেলি বাইক্রোম ২বি, ১২ | ৩০ দিন |
| কোনিয়াম ৩, ৩০ | ৩০-৫০ দিন |
| ক্যাক্টাস ϕ, ৬, ৩০ | ৭-১০ দিন |
| ক্যানাবিস স্যাটা ϕ, ১২ | ১-১০ দিন |
| ক্যানাবিস ইন্ডিকা ϕ, ৩ | স্থির নাই |
| ক্যান্থারিস ৩x, ৩০ | ৩০-৪০ দিন |
| ক্যাপ্সিকাম ϕ, (দুধ সহ সেব্য) ৩, ৬ | ৭ দিন |
| ক্যামোমিলা ১, ১২, ৩০ | ২০-৩০ দিন |
| ক্যাম্ফর ϕ, ৩x | ১ ঘন্টা-১ দিন |
| ক্যাল্কেরিয়া কার্ব ৬, ৩০ | ৬০ দিন |
| ক্যালকেরিয়া ফস ১বি, ২০০ | ৬০ দিন |
| ক্যালমিয়া ১, ৬ | ৭-১৪ দিন |
| কালেডিয়াম ৩, ৬ | ৩০-৪০ দিন |
| ক্রিয়োজোটাম ৩, ২০০ | ১৫-২০ দিন |
| ক্রোকাস স্যাট ϕ, ৩০ | ৮ দিন |
| ক্রোটন ৩x, ৬ | ৩০ দিন |
| ক্লেমাটিস ৩, ৩০ | ১৪-২০ দিন |
| গুয়েয়িকাম ৬ | ৪০ দিন |
| গ্রাফাইটিস ৩০, ২০০ | ৪০-৫০ দিন |
| প্লোনইনাম ৩, ৩০ | ১ দিন |
| চায়না ৩০ | ৭ দিন |

| | |
|---|---|
| চেলিডোনিয়াম ϕ, ৩x | ৭-১৪ দিন |
| জিঙ্কাম মেট ২, ৩০ | ৩০-৪০ দিন |
| জেলস ϕ, ৩০ | ৩০ দিন |
| টিউক্রিয়াম ১, ৬ | ১৪-২১ দিন |
| টেলিউরিয়াম ৬, ৩০ | ৩০-৪০ দিন |
| ডায়োস্কোরিয়া ϕ, ৩ | ১-৭ দিন |
| ডালকামেরা ২x, ৩০ | ৩০ দিন |
| ডিজিটেলিস ২x, ৩০ | ৪০-৫০ দিন |
| ড্রসেরা ১, ৬ | ২০-৩০ দিন |
| থুজা ϕ, ২০০ | ৬০ দিন |
| নাক্স ভমিকা ১x, ২০০ | ১-৭ দিন |
| নাক্স মস্কেটা ১, ৩ | ৮-২১ দিন |
| নেট্রাম কার্ব ৩, ৬ | ৩০ দিন |
| নেট্রাম মিউর ৬, ২০০ | ৪০-৫০ দিন |
| নেট্রাম সালফ ৩, ১২ বি | ৩০-৪০ দিন |
| পডোফিল ৬, ৩০, ২০০ | ৩০ দিন |
| পালসেটিলা ৩x, ৩০ | ৪০ দিন |
| পেট্রোলিয়াম ৩, ৬ | ৪০-৫০ দিন |
| প্যাসিফ্লোরা ইনকারনেটা ϕ (৩০-৬০ ফোঁটা মাত্রায় সেব্য) | স্থির জানা নাই |
| প্লামরাম ৩, ৩০ | ২০-৩০ দিন |
| প্ল্যাটিনাম ৩, ৩০ | ৩৫-৪০ দিন |
| ফসফরাস ৩, ৩০ | ৪০ দিন |
| ফেরাম মেট ১, ৬ | ৫০ দিন |
| বারবেরিস ϕ, ৬ | ২০-৩০ দিন |
| বিসমাথাম ১, ৬ | ২০-৫০ দিন |
| বেলেডোনা ৩x, ৩০ | ২-৭ দিন |
| বোভিষ্টা ৩, ৬ | ৭-১৪ দিন |
| বোর‍্যাক্স ১, ৩ বি | ৩০ দিন |
| ব্যারাইটা কার্ব ৩, ৩০ | ৪০-৫০ দিন |

| | |
|---|---|
| ব্রায়োনিয়া ১, ৩ | ৭-২১ দিন |
| ব্রোমিয়াম ১, ৩ | ২০-৩০ দিন |
| ভায়োলা ওডরেটা ϕ, ৬ | ২-৪ দিন |
| ভায়োলা ট্রাইকলর ৩ | ৮-১৪ দিন |
| ভেরেট্রাম অ্যালবাম৩, ৩০ | ২০-৩০ দিন |
| ভ্যালেরিয়ানা ϕ | ৮-১০ দিন |
| মস্কাস ১, ৩ | ১ দিন |
| মার্ক ভাইভাস ২, ৩ বি | ১-৩ দিন |
| মেজিরেয়াম ৬, ৩০ | ৩০-৬০ দিন |
| মেনিয়্যানথিজ ৩, ৩০ | ১৪-২০ দিন |
| মিফাইটিস ১, ৩ | ১ দিন |
| মিলিফোলিয়াম ϕ, ১ | ১-৩ দিন |
| ম্যাগ-কার্ব ৩, ৩০ | ৪০-৫০ দিন |
| ম্যাগ-মিউর ৩, ২০০ | ৪০-৫০ দিন |
| ম্যাঙ্গানাম ৩ | ৪০ দিন |
| রাস টক্স ৩, ২০০ | ১-৭ দিন |
| রুটা ১, ৩০ | ৩০ দিন |
| রিয়াম ৩, ৬ | ২-৩ দিন |
| রোডেডেন্ড্রণ ১, ৩ | ৩৫-৪০ দিন |
| র‍্যানানকিউলাস ϕ, ৩, ৩০ | ৩০-৪০ দিন |
| লরোসেরাসাস ϕ, ৩ | ৪-৮ দিন |
| লাইকোপোডিয়াম ৬, ২০০ | ৪০-৫০ দিন |
| লিডাম ৩, ৩০ | ৩০ দিন |
| লিলিয়াম ৩ | ১৪-২০ দিন |
| ল্যাকেসিস ২০০ | ৩০-৭০ দিন |
| সিকিউটা ৩, ২০০ | ৩৫-৪০ দিন |
| সিনা ১, ২০০ | ১৪-২০ দিন |
| সার্সাপারিলা ১, ৬ | ৩৫ দিন |
| সিকেলি ϕ, ৩০ | ২০-৬০ দিন |
| সিক্লামেন ৩ | ১৪-২০ দিন |

| | |
|---|---|
| সিপিয়া ৬, ২০০ | ৪০-৫০ দিন |
| সিলা ১, ৬ | ১৪-২০ দিন |
| সিলিকা ৩ বি, ৬, ২০০ | ৪০-৬০ দিন |
| সেলিনিয়াম ৩, ৩০ | ৪০ দিন |
| সেবাল সেরুলেটা (ϕ ১০ ফোঁটা হতে ১২ ফোঁটা মাত্রায় সেব্য) | স্থির জানা নাই |
| সোরিনাম ৩০, ২০০ | ৩০-৪০ দিন |
| স্পাইজেলিয়া ২, ৩০ | ২০-৩০ দিন |
| স্পনজিয়া ϕ, ৩ | ১ ঘন্টা-১ দিন |
| স্পিরিট ক্যাম্ফর ϕ | ১ ঘন্টা-১ দিন |
| সাবাইনা ১, ৩, ৩০ | ২০-৩০ দিন |
| স্যাবাডিলা ৩ | ২০-৩০ দিন |
| স্যামবিউকাস ϕ, ৬ | ৩-৪ ঘন্টা মাত্র |
| হাইপেরিকাম ϕ, ৬ | ১-৭ দিন |
| হায়োসায়ামাস ϕ, ২০০ | ৬-১৪ দিন |
| হিপার সালফার ৩ × বি, ২০০ | ৫৬ দিন |
| হেলেবোরাস ϕ, ৩ | ২০-৩০ দিন |
| হ্যামামেলিস ϕ, ৩x | ১-৭ দিন |